

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৯০

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১. ফারাইয (সংক্রান্ত ইলম) শিক্ষা করা সম্পর্কে

بَاب فِي تَعْلِيمِ الْفَرَائِضِ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى حَدَّثَنَا يُوسُفُ الْمَاجِشُونُ قَالَ قَالَ ابْنُ شِهَابٍ لَوْ هَلَكَ عُتْمَانُ وَزَيْدٌ فِي بَعْضِ الزَّمَانِ لَهَلَكَ عِلْمُ الْفَرَائِضِ لَقَدْ أَتَى عَلَى النَّاسِ زَمَانٌ وَمَا يَعْلَمُهَا غَيْرُهُمَا

## বাংলা

২৮৯০. ইবনু শিহাব (যুহুরী) রাহি: হতে বর্ণিত, তিনি বলেন, যদি উছমান ও যাইদ (এ দুই ফারাইয় পণ্ডিত একসাথে) কোন সময় মৃত্যু বরণ করতো, তবে ফারাইয়ের জ্ঞান বিলুপ্ত হয়ে যেতো। লোকদের উপর এমন যুগ এসে গেছে যখন এ দু'জন ব্যতীত আর কেউই ফারাইয়ের জ্ঞান রাখে না।'[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ। এটিও যুহরীর উপর মাওকুফ (যুহরীর বক্তব্য হিসেবে বর্ণিত)।

তাখরীজ: বাইহাকী, ফারাইয ৬/২১০; ফাসাওয়ী, মা'রিফাতু ওয়াত তারীখ ১/৪৮৬ সহীহ সনদে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন